আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বুলবুল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৬ আগস্ট ২০২১ তারিখ, সময়: বেলা ১১.০০টা |

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর সিদ্ধান্ত গৃহিত উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন এনজিও এর চলমান কার্যক্রমের বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **ব্যবস্থাপক প্রশিকা :** তিনি জানান বর্তমানে প্রশিকার ঋণ কার্যক্রম খুবই হতাশা ব্যাঞ্জক। এছাড়া জুলাই/২০২১ মাসের কোভিড-১৯ মহামারীর জন্য ঋণ কার্যক্রম স্থগিত রাখা হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত | অফিস প্রধান |
| ২. | প্রতিনিধি পপি সৌহার্দ্য ঃ তিনি জানান জুলাই/২০২১ মাসের কোভিড-১৯ সম্পর্কে এলাকার জনগণকে সচেতনতা এবং টিকা গ্রহণে জনগণকে উদ্বোদ্ধ করা হয়। কোভিড-১৯ কালীন সময়ে এলাকার অতি দরিদ্রসহ মোট ৯৭৯ জন্য বিভিন্ন সহযোগিতা করা হয়েছে। । কোভিড-১৯ বিষয়ে উপজেলার বিভিন্ন স্থানে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয় | অফিস প্রধান |
| ৩. | **ব্যাবস্থাপক, ব্র্যাক ঋণ কর্মসূচী-১ (দাবি) :** তিনি নিম্নলিখিতভাবে জুলাই/২০২১ মাসের কোভিড-১৯ মহামারীর এর কারণে অফিস বন্ধ থাকায় মাত্র তিন কর্ম দিবস ঋণ কার্যক্রম চালু থাকায় মাত্র ৫২ জনকে ২৮৬৫ লক্ষ টাকা দরিদ্র, ভ্যান চালক, অটোচালক, মুদি দোকানদারকে ঋন প্রদান করা হয়েছে<br><br>বি,সি, ইউ,পি ০২ (দাবি) : বি.সি.ইউ.পি কর্মসূচীর জুলাই/২০২১ মাসে ৩০ জন বৃদ্ধকে ১৭.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>স্বাস্থ্য কর্মসূচি ঃ ৩০ জন্য সেবিকার মাধ্যমে ৯০ গর্ভবতী মহিলা কে গর্ভকালীন সেবা ও ১৮৫০ জন সাধারণ লোককে কোভিড-১৯ টিকা গ্রহণ ও অন্যান্য বিষয়ে সচেতন করা হয়েছে। এছাড়াও মি.ই.পি কর্মসূচীর মাধ্য ৩১ টি পল্লী সমাজ কমিটির মাধ্যমে নারী নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধসহ কোভিড-১৯ টিকা গ্রহণ বিষয়ে সচেতন করা হয়েছে।<br>প্রগত কর্মসূচি ০৪ : প্রগত কর্মসূচীর মাধ্যমে জুলাই/২০২১ মাসের মোট ১০৩ জন কে ৮০.৬৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিস প্রধান |
| ৪. | ব্যবস্থাপক আশা এনজিও : তিনি জানান আশা মদন উপজেলায় জুলাই/২০২১ মাসে অফিস বন্ধ থাকায় ঋণ কার্যক্রম বন্ধ ছিল। জুলাই/২০২১ মাসে আশা মদন উপজেলায় বিভিন্ন স্থানে মাক্স বিতরণ ও কোভিড-১৯ এর টিকা নেওয়ার জন্য গ্রামের জনগণের মধ্য সচেতনতা সৃষ্টি করা হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান |
| ৫. | পপি মদন শাখা : তিনি জানান পপি মদন শাখা ঋণ কার্যক্রম কর্মসূচী কোভিড-১৯ এর কারণে বন্ধ থাকায় মাত্র ০৩ দিন কর্ম দিবসে ২৫ জনকে ৮০,০০০/- টাকা বিতরণ করা হয়। এছাড়াও ওয়াটার সেনিটেশনে কাজে ৯০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান |
| ৬. | যুব কল্যাণ সমিতি : তিনি জানান যুব কল্যাণ সমিতি মদন উপজেলার জুলাই/২০২১ মাসে বাল্য বিবাহ নিয়ে উঠান বৈঠক করেন নায়েকপুর, মদন, নেত্রকোণা। স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ে পরামর্শ প্রদান করা হয় ১০০ জনকে জাহাঙ্গীরপুরে, খাবার স্যালাইন বিতরণ করেন ২০০ জন কে, শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে ৯০ জন কে, জনসংখ্যা রোধ বিষয়ক সচেতনতা প্রদান করা হয়েছে ১০০/১৫০ জন কে ও মদন উপজেলায় বিভিন্ন স্থানে মাক্স বিতরণ, হ্যান্ডসেনেটার প্রদান করা হয় ৩০০ জন কে ও গ্রামের জনগণের মধ্য সচেতনতা সৃষ্টি করা হয়েছে। | নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান |
| ৭. | অনুপস্থিত এনজিওসমূহ : ডেমিয়ান ফাউন্ডেশন, পল্লী বন্ধু উন্নয়ন সংস্থা, বারসিক, কেয়ার বাংলাদেশ, টিএমএসএস,স্বালম্বী, কেয়ার বাংলাদেশ এনজিওসমূহের প্রতিনিধিগণ সভায় অনুপস্থিত থাকায় তাদের কার্যকক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান |

বিবিধ আলোচনা ঃ

০১। সকল এনজিও অফিস প্রধানদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকাসহ তাদের কার্যক্রম সম্পর্কে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণার কার্যালয়ে প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সকল এনজিও তাদের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার মদন,নেত্রকোণার কার্যালয়ে প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। যে সকল এনজিও তাদের কার্যক্রম এ উপজেলায় কার্যকর আছে কিন্তু মাসিক সমন্বয় সভায় উপস্থিত থাকেন না তাদের মাসিক সমন্বয় সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।

Scanned with CamScanner

সিদ্ধান্ত ঃ এ উপজেলায় কার্যক্রম পরিচালনাধীন এনজিও প্রধানদের মাসিক সমন্বয় সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে সভাপতি জানান এ উপজেলার চানগাঁও ইউনিয়নের চানগাঁও গ্রামকে আদর্শ গ্রাম হিসেবে গড়ার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু করোনার ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বিভিন্ন কার্যক্রম করা সম্ভব হয়নি। বর্তমানে করোনা ভাইরাস সংক্রমন হ্রাস পাওয়া কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ বিষয়ে সকল এনজিও প্রতিনিধিকে স্ব স্ব অবস্থান থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। বিভিন্ন এনজিও প্রধানগণকে উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সহিত সমন্বয়পূর্বক স্বচ্ছতার সহিত তাদের দয়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। আর কোনা আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৮/২১

(বুলবুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি,
উপজেলা এনজিও সমন্বয় কমিটি
মদন, নেত্রকোণা

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২৫৬.০০০.০০১.১৯- ৭৫৪

তারিখঃ ২৬ আগস্ট ২০২১

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। জেলা প্রশাসক, নেত্রকোণা
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন,নেত্রকোণা

অনুলিপিঃ কার্যার্থে

১। উপজেলা ..................................................কর্মকর্তা, মদন,নেত্রকোণা
২। চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ (সকল),মদন
৩। এলাকা সমন্বয়কারী/ম্যানেজার/ক্লিনিক ম্যানেজার.......................................এনজিও ,মদন,নেত্রকোণা
৪। অফিস নথি।

২৬/৮/২১

উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা

Scanned with CamScanner